

Times Today BD

সংগীত কুমার | ক্যাম্পাস | 04 May, 2025

ইসলামী বিশ্ববিদ্যালয়ে (ইবি) আন্তর্জাতিক ডিএনএ দিবস-২০২৫ উদযাপন করা হয়েছে। রোববার (৪ মে) সকাল সাড়ে ১০টায় বিশ্ববিদ্যালয়ের ইবনে সিনা বিজ্ঞান ভবনের ১০২ নম্বর কক্ষে দিবসটি উপলক্ষে নানা কর্মসূচির আয়োজন করে আমেরিকান সোসাইটি ফর মাইক্রোবায়োলজি (এএসএম) এর ইবি শাখা।

দিনব্যাপী অনুষ্ঠানে র্যালি, কুইজ প্রতিযোগিতা, ডিএনএ পাজল সলভিং কমব্যাট এবং ফেসবুক মিম কনটেস্টের আয়োজন করা হয়।

বায়োটেকনোলজি অ্যান্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. এ. কে. এম. নাজমুল হুদার সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নকীব মোহাম্মদ নসরুল্লাহ। বিশেষ অতিথি হিসেবে ছিলেন বাংলাদেশে এএসএম-এর কান্ট্রি অ্যান্ডেসডর এবং বিভাগের অধ্যাপক ড. মো. মিন্নাতুল করিম।

প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য ড. নকীব মোহাম্মদ নসরুল্লাহ বলেন, “ডিএনএ টেস্ট প্রযুক্তি অপরাধী শনাক্তকরণ, নিখোঁজদের সন্ধান এবং যুদ্ধ-বিধ্বস্ত অঞ্চলে মানুষকে খুঁজে বের করার ক্ষেত্রে অত্যন্ত কার্যকর। জিন কখনো নষ্ট হয় না—এই বৈজ্ঞানিক সত্য কুরআনের সাথেও সামঞ্জস্যপূর্ণ। ডিএনএ বিজ্ঞান ভবিষ্যতের নানা সম্ভাবনার দ্বার উন্মোচন করেছে।”

তিনি আরও বলেন, “আমাদের শিক্ষার্থীরা আন্তর্জাতিক পরিমণ্ডলেও সাড়া দিচ্ছে। এ ধরনের

অনুষ্ঠান তাদের জ্ঞানচর্চা ও দক্ষতা উন্নয়নে সহায়ক ভূমিকা রাখবে।”

অনুষ্ঠানের শেষ অংশে প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়। আয়োজনটি শিক্ষার্থীদের মধ্যে বিজ্ঞানচর্চা ও গবেষণামুখী চিন্তার বিকাশে নতুন মাত্রা যোগ করেছে।

আন্তর্জাতিক ডিএনএ দিবস

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 29 June, 2025 02:39

URL: <https://www.timestodaybd.com/campus/1888127174>